

কানাডার নতুন ইমিগ্রেশন আইন

সীমিত হয়ে গেছে অভিবাসনের সুযোগ

জসিম মলিক টরন্টো থেকে

১.

সম্প্রতি কানাডা সরকার তাদের অভিবাসন আইনে বড় ধরনের পরিবর্তন এনেছে। বাংলাদেশী দক্ষ কর্মীদের একটি অংশ কানাডায় স্থায়ীভাবে বসবাসের সুযোগ পেলেও নতুন আইনের কারণে সেটা অনেকটাই সীমিত হয়ে পড়েছে বলে মনে করা হচ্ছে। এটা ঠিক যে সবসাসের জন্য কানাডা এখনও পৃথিবীর সেরা দেশের একটি। এদেশের স্বাস্থ্য ব্যবস্থা, লেখাপড়া, মানুষের মৌলিক অধিকার, নিরাপত্তা সব দিক থেকেই এখনও শ্রেষ্ঠত্ব ধরে রেখেছে। তাই এদেশটিতে বাংলাদেশীদের অভিবাসনের জন্য ব্যাপক আগ্রহ রয়েছে। কানাডায় উচ্চ শিক্ষায় শিক্ষিত যে কোনো দক্ষ বাংলাদেশী কর্মী ন্যূনতম চার বছরের অভিজ্ঞতা নিয়ে এতোদিন স্থায়ীভাবে অভিবাসিত হওয়ার আবেদন করতে পারলেও এখন তা পরিবর্তন করা হয়েছে।

কানাডা সরকার সম্প্রতি দক্ষ কর্মীদের ভিসার জন্য আবেদন করতে ৩৮ ক্যাটাগরির পেশা নির্ধারণ করে দিয়েছে। এসব পেশার বাইরে কোনো বাংলাদেশী এখন কানাডায় স্থায়ীভাবে বসবাস করার জন্য আবেদন করতে পারবে না বলে ঢাকার সাউথ ইস্ট ইন্টারন্যাশনালের ব্যবস্থাপনা পরিচালক ব্যারিস্টার শাহ জহির আহমেদ এই প্রতিবেদককে জানিয়েছেন। তিনি বলেন, চাহিদার তুলনায় আবেদনের সংখ্যা বেশী হওয়ায় এই নতুন নিয়ম চালু করেছে সরকার। গত চার বছরে আট লাখের ও বেশী বাংলাদেশী কানাডায় স্থায়ীভাবে বসবাসের জন্য আবেদন করেছে বলে তিনি জানান। এতে বাংলাদেশীদের জন্য স্থায়ীভাবে বসবাসের সুযোগ কিছুটা সীমিত হয়ে গেলো। তবে এই আইনের পরিবর্তন হতে পারে বলে জানিয়েছেন ব্যারিস্টার জহির। ইমিগ্রেশন আইন একটি চলমান প্রক্রিয়া। সরকার তার চাহিদা মাফিক আইন পরিবর্তন করতে পারেন। তবে নতুন আইনে মাত্র এক বছরের মধ্যে ইমিগ্রেশন সম্পন্ন হবে, পূর্বে যেখানে লাগতো প্রায় ৪২ মাস সময়।

২.

এছাড়া অন্যান্য ক্লাস যেমন ইনভেস্টর ক্লাস ও বিজনেস ক্লাসে ভি আই পি ভিসা নিয়ে আসতে পারেন। এই পদ্ধতিতে আসা বেশ সহজ। ২০০৮ সালের ফেব্রুয়ারী থেকে ২৮ নভেম্বর পর্যন্ত বাংলাদেশ থেকে কানাডায় অভিবাসনের জন্য উলেখিত ৩৮টি ক্যাটাগরির বাইরে যেসব

আবেদনকারী আছেন নতুন নিয়মের কারণে তাদের আবেদনপত্র বাতিল হবে। তবে এসব আবেদনকারীর আবেদন ফী কানাডা সরকার ফেরত দেবে বলে জানান ব্যারিস্টার জহির।

নতুন নিয়মের আওতায় কোনো সাংবাদিক, আইনজীবী বা স্কুলের শিক্ষক আবেদন করার যোগ্য হবেন না। আখচ আগে ড়াংলাদেশ থেকে যে কোনো পেশার দক্ষ কর্মী আবেদনের সুযোগ পেতো। শুধু পেশা নির্ধারণ নয়, কানাডার নতুন অভিবাসন আইনে অইইএলটিএস পরীক্ষার ক্লোরিংয়েও পরিবর্তন আনা হয়েছে। এসব ব্যাপারে বিস্তারিত জানতে সাউথ ইষ্টের মোংপুর ও বনানী অফিসে ফ্রী এসেসমেন্ট বা কন্সালটেশির সুযোগ নিতে পারেন।

৩.

অনুমোদিত এসব পেশার মধ্যে কেবল ফাইন্যানশিয়াল ম্যানেজার, কম্পিউটার এন্ড ইনফরমেশন সিস্টেম ম্যানেজার, ম্যানেজার ইন হেলথ কেয়ার, রেপ্লুরেন্ট এন্ড ফুড সার্ভিস ম্যানেজার, একামোডেশন সার্ভিস ম্যানেজার, ফ্যাইন্যানশিয়াল অডিটরস এন্ড একানউন্টস, ফিজিওথেরাপিষ্ট, হেড নার্স এন্ড সুপারভাইজার, রেজিষ্টার্ড নার্সেস, ইউনিভার্সিটি প্রফেসরস, কলেজ এন্ড ভোকেশনাল ইন্সট্রাক্টর, অয়েল এন্ড গ্যাস ডিলিংস সুপারভাইজর ও পেট্রোলিয়াম গ্যাস এন্ড ক্যামিক্যাল প্রসেসিং সুপারভাইজার ক্যাটাগরিতে বাংলাদেশী দক্ষ কর্মী রয়েছে।

jasim.mallik@gmail.com

Toronto, Canada